গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
অর্থ মন্ত্রণালয়
শাখা-১ (প্রশাসন)
www.ird.gov.bd

নং-০৮.০০.০০০০.০৩৬.১১.০০৮.১৯- ২৫

তারিখ : ২১ চৈত্র ১৪২৮
০৪ এপ্রিল ২০২২

## নিয়োগ বিজ্ঞপ্তি

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয় এর রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত ০৫ (পাঁচ) ক্যাটাগরির মোট ১৭ (সতের) টি শূন্য পদে জনবল নিয়োগের নিমিত্ত বিজ্ঞপ্তিতে বর্ণিত নিয়মাবলী ও শর্ত সাপেক্ষে বাংলাদেশের প্রকৃত স্থায়ী নাগরিকদের নিকট হতে অনলাইনে (Online-এ http://ird.teletalk.com.bd ওয়েবসাইটে) আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রমিক নং | পদের নাম এবং জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী বেতনস্কেল ও গ্রেড | পদের সংখ্যা | প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১. | সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর<br>টাকা ১১,০০০-২৬,৫৯০<br>(গ্রেড-১৩) | ০২ (দুই) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>(খ) সাঁটলিপির সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ৪৫ শব্দ এবং ইংরেজিতে ৭০ শব্দ;<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দ;<br>(ঘ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত; এবং<br>(ঙ) কম্পিউটারে Word Processing সহ ই-মেইল, ফ্যাক্স পরিচালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। | গাজীপুর, মাদারীপুর, টাঙ্গাইল, নেত্রকোনা, ব্রাহ্মণবাড়িয়া, কুমিল্লা, লক্ষ্মীপুর, সিরাজগঞ্জ, নওগাঁ, বগুড়া ও রংপুর জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। তবে সকল জেলার এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ২. | কম্পিউটার অপারেটর<br>টাকা ১১,০০০-২৬,৫৯০<br>(গ্রেড-১৩) | ০৪ (চার) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে। | |
| ৩. | ক্যাশিয়ার<br>টাকা ১০,২০০-২৪,৬৮০<br>(গ্রেড-১৪) | ০১ (এক) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রী;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে; এবং<br>(গ) কম্পিউটারে word processing সহ কম্পিউটার চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। | |
| ৪. | ক্যাশ সরকার<br>টাকা ৯,০০০-২১,৮০০<br>(গ্রেড-১৭) | ০১ (এক) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে বাণিজ্য বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে; এবং<br>(গ) কম্পিউটারে word processing সহ কম্পিউটার চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। | |
| ৫. | অফিস সহায়ক<br>টাকা ৮,২৫০-২০,০১০<br>(গ্রেড-২০) | ০৯<br>(নয়) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | গাজীপুর, নারায়নগঞ্জ, গোপালগঞ্জ, রাজবাড়ী, টাঙ্গাইল, ময়মনসিংহ, বগুড়া, গাইবান্ধা, কুড়িগ্রাম ও নীলফামারী জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। তবে সকল জেলার এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |

**শর্তাবলী:**

০১। আবেদনকারীর বয়স ০১-০৪-২০২২ তারিখে সর্বনিম্ন ১৮ (আঠার) বছর এবং সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর হতে হবে। তবে, শুধুমাত্র মুক্তিযোদ্ধা/শহীদমুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য।

০২। সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর পদের ক্ষেত্রে বিভাগীয় প্রার্থীর বয়সসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য।

০৩। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতি গ্রহণপূর্বক নির্দিষ্ট সময়সীমার মধ্যে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় অবশ্যই উক্ত অনুমতি পত্র প্রদর্শন করতে হবে।

০৪। আবেদনপত্রে প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনরূপ অসত্য বিবরণ/তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে, এমনকি আবেদনকারী চূড়ান্তভাবে মনোনীত হওয়া সত্ত্বেও আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে এবং ঐ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। চাকুরী প্রাপ্তির পরও যে কোন পর্যায়ে তার সনদপত্র/প্রদত্ত তথ্য অসত্য প্রমাণিত হলে তাকে চাকুরি থেকে তাৎক্ষণিকভাবে বরখাস্ত করা এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের বিষয়ে কর্তৃপক্ষ সকল ক্ষমতা সংরক্ষণ করবে।

০৫। লিখিত পরীক্ষায় এবং প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটার বিষয়ক ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণের পর মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় প্রার্থীকে তার সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে। অনলাইনে (Online-এ) দাখিলকৃত Application Form এর প্রিন্ট কপি এবং নিম্নোক্ত পত্রাদি/সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে:

(ক) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি রঙ্গিন ছবি;
(খ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত কপি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি, অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে) ও কম্পিউটার প্রশিক্ষণ সনদের সত্যায়িত কপি;
(গ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনারের নিকট হতে নিজ জেলা উল্লেখসহ নাগরিকত্ব ও ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রের কপি;
(ঘ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা, নাতি-নাতনি হলে তার স্বপক্ষে আবেদনকারীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার সনদপত্রের সত্যায়িত কপি, মুক্তিযোদ্ধার সরকারী গেজেটের সত্যায়িত কপি ও পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক মুক্তিযোদ্ধার সাথে তার সম্পর্কের বিষয়টি উল্লেখ পূর্বক প্রদত্ত সনদের সত্যায়িত কপি;

(ঙ) এতিম, প্রতিবন্ধী, আনসার ও ভিডিপি এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের সর্বশেষ সরকারি নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রের মূল কপি প্রদর্শনসহ সত্যায়িত কপি দাখিল করতে হবে।

০৬। এ নিয়োগ বিজ্ঞপ্তি, লিখিত পরীক্ষা, মৌখিক পরীক্ষা ও পরীক্ষা সংক্রান্ত অন্যান্য তথ্য এবং এ নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোন পরিবর্তন/সংশোধন (যদি থাকে) অভ্যন্তরীণ সম্পদ বিভাগ এর ওয়েবসাইটে (www.ird.gov.bd) পাওয়া যাবে।

০৭। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনকারীকে কোন প্রকার যাতায়াত ভাতা ও দৈনিক ভাতা প্রদান করা হবে না।

০৮। আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে।

০৯। যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দণ্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন, তাহলে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

১০। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও করণীয়:

(ক) পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক ব্যক্তি http://ird.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় ০৭ এপ্রিল ২০২২ সকাল ১০ ঘটিকা।

(ii) online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ০৬ মে ২০২২ বিকাল-০৫:০০ ঘটিকা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে এসএমএস এ আবেদন ফি জমা দিতে পারবেন।

(খ) online-এ আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০Xপ্রস্ত ৮০ pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০Xপ্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ, সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু online-এ আবেদনপত্র submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সর্ম্পকে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী online- এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এককপি জমা দিবেন ।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও আবেদন ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application From) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র submit করা সম্পন্ন প্রার্থী একটি user ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং

User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে ১-৪ নং ক্রমিকের জন্য আবেদন ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২/- (বার) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ১১২/- (একশত বার) টাকা এবং ৫নং ক্রমিকের জন্য আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৬/- (ছয়) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও আবেদন ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

**প্রথম SMS:** **IRD**<space>**UserID** লিখে send করতে হবে 16222 নম্বরে।

Example: **IRD ABCDEF**

Reply: Applicant's Name, TK-**112/56** will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type IRD<Space>Yes<space>PIN and send to 16222.

**দ্বিতীয় SMS:** **IRD**<space>**Yes**<space>**PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: **IRD Yes 12345678**

Reply: Congratulations Applicant's Name, Payment completed successfully for IRD Application for (post name) User ID is (ABCDEF) and password (xxxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://ird.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে: **IRD**<space>**Help**<space>**User**<space>**UserID** & Send to 16222. Example: **IRD Help User ABCDEF**

(ii) PIN Number জানা থাকলে: **IRD**<space>**Help**<space>**PIN**<space>**PIN Number** & Send to 16222. Example: **IRD Help PIN 12345678.**

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ওয়েবসাইট www.ird.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা **QR Code** স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.ird.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd বা info@ird.gov.bd ই-মেইল যোগাযোগ করা যাবে। (Mail এর Subject-এ Organization Name: IRD, Post Name: * * *, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

(ট) **ডিক্লারেশন:** প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বো কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১১। শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

১২। এ নিয়োগের ক্ষেত্রে সরকারের যাবতীয় বিদ্যমান বিধি-বিধান/আদেশ এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান(সর্বশেষ) যথাযথভাবে প্রতিপালন/অনুসরণ করা হবে।

১৩। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ যেকোন আবেদন গ্রহণ অথবা বাতিল এবং এ নিয়োগ কার্যক্রমের আংশিক/সর্ম্পূণ পরিবর্তন/বাতিল এবং পদের সংখ্যা হ্রাস বৃদ্ধি সংরক্ষণ করেন। এ নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

( এস. এম. আব্দুল কাদের )
উপসচিব (প্রশাসন)
ও
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ